

তারিখ: 24/01/2014

2005 সালের আগে জারি করা ব্যাঙ্কনোট প্রত্যাহার – আরবিআই-এর স্পষ্টীকরণ

এই বিষয়ে আমাদের জানুয়ারি 22, 2014 তারিখের প্রেস বিজ্ঞপ্তি ছাড়াও, বিভিন্ন প্রশ্নের নিরিখে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) 2005 সালের আগে জারি করা ব্যাঙ্কনোট প্রত্যাহারের কারণ ব্যাখ্যা করে জানাচ্ছে যে বাজার থেকে তাদের সরিয়ে ফেলা হবে, কেননা 2005 সালের পরে যে সমস্ত নোট ছাপা হয়েছে তাদের তুলনায় এই নোটগুলির সুরক্ষাজনিত বৈশিষ্ট্য কম। আন্তর্জাতিকভাবে পুরনো সিরিজের নোট প্রত্যাহার করাই প্রামাণ্য রীতি।

আরবিআই ইতিমধ্যেই অন্যান্য ব্যাঙ্কগুলির মাধ্যমে রুটিন মাসিক বাজার থেকে ব্যাঙ্কনোট প্রত্যাহার করে আসছে। রিজার্ভ ব্যাঙ্কের দৃষ্টিতে নোট পরিচলনে 2005 সালের আগে জারি করা ব্যাঙ্কনোটের পরিমাণ এখন তেমন কিছু অধিক নয় যার প্রভাব জনগণের উপর সেভাবে পড়বে।

তবু জনগণকে বলা হচ্ছে যে তাঁরা সুবিধে মত ব্যাঙ্কের শাখায় গিয়ে নোট বদলানোর প্রক্রিয়া শুরু করে দিন। এ ছাড়া, জুলাই 1, 2014-এর পরেও জনগণ যে কোন পরিমাণের পুরনো সিরিজের নোট যেখানে তাঁদের এ্যাকাউন্ট আছে সেই ব্যাঙ্কের শাখায় গিয়ে পালটে নিতে পারবেন।

আরবিআই প্রতিশ্রুতি দিচ্ছে যে তারা পুরনো সিরিজের নোট প্রত্যাহারের প্রক্রিয়াটির ওপর নজর রাখবেন এবং পর্যালোচনা করবেন যাতে জনসাধারণকে কোনভাবে কোন অসুবিধায় না পড়তে হয়।

উপরে যা বলা হয়েছে তার পরও আরবিআই পুনরাবৃত্তি করছে যে 2005 সালের আগে জারি করা নোট বৈধ টেন্ডার হিসেবে গণ্য হবে।

অল্পনা কিল্লাওয়াল
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2013-2014/1491